টেলিফোন : ৩৪-১৫৫২
**রিপ্রোডাকশন সিন্ডিকেট**
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, কর্ণওয়ালিস স্ট্রীট, কলিকাতা-৬

Registered
No. C. 853

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
( দাদাঠাকুর )

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৮-শে জ্যৈষ্ঠ বুধবার, ১৩৭৬ ইং 11th June 1969 { ৪র্থ সংখ্যা



সকল ঘরের তরে...
**দীপ্তি লণ্ঠন**
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনব বন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**
কেরোসিন কুকার
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**এই তো খেলার দিন—**
ক্রিকেট, ভলিবল, ব্যাডমিন্টন।
উল ও প্রসাধন সামগ্রী ইত্যাদি পাওয়া যায়।
পরীক্ষা প্রার্থনীয়।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ

স্টুডেন্টস্ ফেভারিট
স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৮শে জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৭৬ সাল।

## সভ্যতা ও সত্যতা

--০—

অধিকাংশ লোকেই বলে থাকে—দেশ আর অসভ্য নাই ক্রমে ক্রমে সকলেই সভ্যতার আলোক পেয়ে সভ্য হ'তে চলেছে। সাবেক চলনে কাউকে চল্‌তে দেখলেই তথাকথিত সভ্যরা তা'কে অসভ্য জ্ঞানে বলে থাকে—গরুর গাড়ীর যুগে যা' হ'তো এখন তা চলবে না।

আমরাও বলি সত্যি সত্যি তা চলবে না। এখন সভ্য জগতে খুব হুঁসিয়ার হ'য়ে চলতে হবে। এখন লোকের মান সম্মানের জ্ঞান হয়েছে। মর্য্যাদা জ্ঞানও যথেষ্ট। মর্য্যাদাজ্ঞানসম্পন্ন লোকের কাছে শুধু মান মর্য্যাদা নয়, ধন প্রাণ শুদ্ধ বাঁচতে হ'লে সাবধানে চলা দরকার। আগে একজনের অভাবের সময় তার প্রতিবেশী তা'কে টাকা ধার দিত, বিনা দলিলে, বিনা লেখাপড়ায়, বন্ধক না নিয়ে; সাক্ষী থাকতেন—ভগবান, চন্দ্র, সূর্য্য, মা বসুমতী। সে টাকা যদি দেনাদার জীবন থাকতে পরিশোধ করতে না পারতো মরণকালে দশজনের সামনে ছেলে-মেয়েদের সঙ্গে পাওনাদারের মোকাবিলা ক'রে দিয়ে যেতো—উত্তরাধিকারীদের বলে যেতো আমার আত্মার শান্তির জন্য এই টাকা শোধ ক'রে দিও, নইলে আত্মার মুক্তি নাই। আজ লেখাপড়া ক'রে, সাক্ষী রেখে, দলিল রেজেষ্টারী করেও দেনা ফাঁকি দিবার কত যে কৌশল সভ্য জগত শিক্ষা দিয়েছে ও দিচ্ছে তার সীমা সংখ্যা নাই। অসভ্য যুগে দেনা তামাদি হ'তো না, এখন তামাদী কর্‌তে পারলে ব্যস্। অমনী! ইন্সল্‌ভেন্‌সি নিয়ে পাওনাদারকে রম্ভা প্রদর্শন এক অকাট্য কৌশল। তারপর এক বৎসর কি দেড় বৎসর পর ইন্‌সল্‌ভেণ্ট আবার শেঠজী। অথচ সাবেক দেনা আর দিতে হবে না। কাজেই আমরা সভ্যতা দিয়ে সত্যতাকে ধ্বংস করতে সিদ্ধহস্ত হয়েছি।

কেউ কাউকে বিশ্বাস করি না। সহোদরকে ফাঁকি দিবার অব্যর্থ আর্য্যা স্ত্রীধন করা। রাস্তায় চল্‌তে হ'লে সঙ্গী পথিককে বিশ্বাস করা আর চলে না। আফিসে আফিসে লেখা আছে "পকেটমার হ'তে সাবধান" এক ভাষায় নয় দেশের চলিত সব ভাষায় সবকে সাবধান ক'রে দেওয়া হয়েছে। রেলের গাড়ীতে ছাপার অক্ষরে লিখে দিয়েছে মালের উপর নজর রাখো, নিজের টিকিট নিজে কেনো, ঠগ, জোচ্চোর, পকেটমার তোমার নিকটেই আছে। বলুন দেখিনি—কত সভ্য যুগ এটা। এটা সভ্যতার আলোক—তার ঔজ্জ্বল্য যে কত, তা বলবার নয়। চোখ বুজেছ কি সব লোপাট। সভ্যতা সত্যতাকে তফাৎ করে দিয়েছে। আদালতে সাক্ষী দিতে বা নালিশ করতে সত্যতা বা হলপ পাঠ করতে হয়—আমি প্রতিজ্ঞাপূর্ব্বক বলিতেছি—আমি যে এজাহার করবো তার সকল অংশ সত্য হবে কোন অংশ মিথ্যা হবে না। শেষ অবধি বিচারক এই সত্যতা পাঠযুক্ত সাক্ষ্য জেরার চোটে মিথ্যা এমন কি জল জিয়ন্ত মিথ্যা দেখে হলপকারীকে মিথ্যাবাদী ঘোষণা করে রায় দিতে বাধ্য হন। প্রতিজ্ঞা বা হলপের মূল্য সভ্যতার যুগে এইভাবে নির্দ্ধারিত হয়। তাই বলি সভ্যতার আলোকে সত্যতা ঝল্‌সিয়ে ছাই হ'য়ে গিয়েছে। সভ্যতা সত্যতাকে দেশ থেকে না তাড়িয়ে ছাড়বে না।

---

## অষ্টপ্রহর নাম সংকীর্ত্তন

গত ২৬শে ও ২৭শে জ্যৈষ্ঠ রঘুনাথগঞ্জ বাজার-পাড়ায় প্রবীণ চিকিৎসক ডাক্তার শ্রীমুরারিমোহন সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত বিগ্রহ মন্দিরে অখণ্ড হরিনাম সংকীর্ত্তন অনুষ্ঠিত হয়। ২৮শে জ্যৈষ্ঠ নগর সংকীর্ত্তন (ধুলট) সমাপনান্তে নিমন্ত্রিত ও অতিথি অভ্যাগতগণকে ভোগের প্রসাদ ও অন্ন ব্যঞ্জনাদি দ্বারা পরিতৃপ্ত সহকারে ভোজন করান হয়।

---

## পদব্রজে কলিকাতা হইতে সিকিম

বিগত ২৪শে মে শনিবার কলিকাতা মহাকরণের সম্মুখ হইতে সর্ব্বশ্রী প্রতীপকুমার গুহ রায়, দিলীপ-কুমার গুহ রায়, শৈবালকুমার বসু, রণজিৎকুমার বসু নামক চারিজন যুবক পদব্রজে সিকিম অভিমুখে যাত্রা করেন। যাত্রাকালে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় মহাশয় তাঁহাদিগকে উৎসাহিত করেন। তাঁহারা বারাসত, জাগুলিয়া, হরিণঘাটা, রাণাঘাট, বীরনগর, কৃষ্ণনগর, ধুবুলিয়া, দেবগ্রাম, রেজীনগর, বহরমপুর, মোড়গ্রাম হইয়া গত ৫ই জুন বৃহস্পতিবার সন্ধ্যা ৭ ঘটিকায় উমরপুর পি, ডব্লিউ, ডি'র বিশ্রামাগারে পৌছান। তাহারা রাত্রিকালে রঘুনাথগঞ্জের খ্যাতনামা চিকিৎসক ডাক্তার জে, এন, রায় মহাশয়ের বাড়ীতে নৈশ-ভোজন সমাপন করেন। পরদিন তাঁহারা মুরলীপুকুর অভিমুখে যাত্রা করেন। তাঁহাদের গন্তব্য স্থান সিকিম। প্রত্যেকে ১৩ কেজি ওজনের আবশ্যকীয় জিনিসপত্র বহন করিতেছেন।

---

## মৌসুমী নাট্য সংস্থার প্রথম বার্ষিক উৎসব

জঙ্গিপুর মহাবিদ্যালয় ভবনে মৌসুমী নাট্য সংস্থার উদ্যোগে বার্ষিক উৎসব সুসম্পন্ন হইয়াছে। প্রথম রাত্রে রঘুনাথগঞ্জ 'মিলনী' নাট্য সম্প্রদায়ের 'বানরের থাবা' ও ২য় রাত্রে মৌসুমীর 'অরুণোদয়ের পথে' অভিনীত হইয়াছে। অভিনয় সর্ব্বাঙ্গসুন্দর হইয়াছিল বলিয়া প্রকাশ।

---

## বেনামী জমি দখল নিয়ে সংঘর্ষ

গত ৩রা জুন মঙ্গলবার লালগোলা থানার কোদালকাটি মৌজায় বে-আইনী বন্দোবস্তের জমি ও খাস জমি দখল নিয়ে দু'দলে সংঘর্ষের সৃষ্টি হ'লে লালবাগের মহকুমা শাসকের আদেশ অনুসারে লালগোলা শহরে ১৪৪ ধারা জারী করে সভা, শোভাযাত্রা, অস্ত্রশস্ত্র বহন প্রভৃতি নিষিদ্ধ করা হয়েছে। কোদালকাটি চরের বিস্তীর্ণ অঞ্চলে জনসাধারণের যাতায়াত বন্ধ করে দেওয়া হয়েছে।

# দরদী দাদাঠাকুর

—অবনীকুমার রায়

( দাদাঠাকুরকে আপনারা সবাই জানেন। কিন্তু তাঁর জীবনের কতগুলো স্মরণযোগ্য ছোট ছোট ঘটনা হয় তো আপনাদের অনেকেরই জানা নেই। তারই কয়েকটি তুলে ধরবার চেষ্টা ক'রেছি আপনাদের সামনে আমার এই 'দরদী দাদাঠাকুর' নিবন্ধে। লেখক )

( ৩ )

স্থান—জঙ্গিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়ের আপিস্ ঘর। আপিসে ব'সে আছেন স্কুলের সেক্রেটারী কালীচরণ সিংহ, প্রধান শিক্ষক অঘোরনাথ হালদার, কেরাণী গিরীন্দ্রনাথ দাস আর শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )।

হাউ মাউ ক'রে কাঁদ্‌তে কাঁদ্‌তে প্রহ্লাদ দা ( স্বর্গীয় প্রহ্লাদচন্দ্র দাস, জঙ্গিপুর বিদ্যালয়ের তৎকালীন অতি অল্প বেতনের একজন ভৃত্য ) আপিস্ ঘরে ঢুকে একেবারে কান্নায় ফেটে পড়লেন।

"বাবু মশাই, আমার স্ত্রীর যায় যায় অবস্থা। তুল্‌সীতলায় তাকে শুইয়ে রেখে এসেছি। দয়া ক'রে আমাকে আজকের মত ছুটি দিন। আর গোটা কয়েক টাকা দিন ঘাট খরচটা চালাবার জন্যে।"

কেরাণী বাবু গম্ভীর হ'য়ে ব'ল্লেন্, "তাই তো হে, আর তো কেউ নেই। তোমাকে ছুটি দিলে ঘণ্টা বাজাবে কে।"

হেড্‌মাষ্টার মশাইও তাঁকে অনুকরণ ক'রে ব'ল্লেন, "তোমার তো সব টাকাই নেওয়া হ'য়ে গিয়েছে, প্রহ্লাদ, তোমাকে আর টাকা দেওয়া কি ক'রে সম্ভব।"

"তবে আমার কি উপায় হবে বাবু। আমার এই বিপদে আমাকে দয়া ক'রে উদ্ধার করুন।"

কান্না আর থামে না প্রহ্লাদ দা'র। কিন্তু কোন উপায় ক'রলেন না কর্ত্তৃপক্ষ।

এতক্ষণ শরৎ পণ্ডিত মশাই কোন কথাই বলেন নি। চুপ ক'রে ওঁদের কথাবার্তা শুন্‌ছিলেন।

এবার হেড্‌মাষ্টার মশাইকে জিজ্ঞেস্ ক'রলেন, "আচ্ছা মাষ্টার মশাই, আমার তো আপনাদের কাছে কিছু টাকা পাওনা আছে?"

"তা আছে বই কি।"

'দিন না তার থেকে আমাকে গোটা তিরিশেক টাকা। পারবেন?"

"তা পারবো না কেন? দেন তো গিরীন বাবু, পণ্ডিত মশাইকে তিরিশটে টাকা।"

গিরীন বাবু টেবিলের ড্রয়ার খুলে দশ টাকার তিনখানা নোট বের করে পণ্ডিত মশাইএর হাতে দিলেন।

নোট তিনখানা প্রহ্লাদ দার দিকে এগিয়ে দিয়ে পণ্ডিত মশাই ব'ল্লেন, "নিয়ে যাও প্রহ্লাদ। যা দরকার সব ব্যবস্থা কর গে।"

খানিকক্ষণ অবাক হ'য়ে চেয়ে থাক্‌লেন প্রহ্লাদ দা। তারপর হাত পেতে টাকাটা নিয়ে সাষ্টাঙ্গে প্রণাম ক'রে চোখ মুচ্‌তে মুচ্‌তে আপিস্ ঘর থেকে বেরিয়ে গেলেন।

অবাক্ হ'য়ে তাকিয়ে রইলেন সেক্রেটারী বাবু, হেড্‌মাষ্টার মশাই আর কেরাণী বাবু।

প্রহ্লাদ দা' টাকা পেয়ে জনৈক প্রবীণ শিক্ষক মহাশয়ের নির্দ্দেশে রোগিণীকে 'তুধবড়ি' দেওয়ার ব্যবস্থা করেন। ঔষধের গুণে রোগিণী এগার বৎসর জীবিতা ছিলেন।

হয় তো সেদিন স্কুল আপিস্ ঘরে এই দরদী বন্ধুর আবির্ভাব হ'য়েছিল দেবতার ইচ্ছায়।

শুধু এবার নয়; এর পরেও পণ্ডিত মশাই প্রহ্লাদ দাকে আর একদফা এইভাবে সতেরো টাকা সাহায্য ক'রেছিলেন।

এমন দরদ আজকাল ক'জনের মধ্যে দেখা যায়।

---

Wanted lady teachers for the Jangipur Girls' Jr. High School (Murshidabad). Please apply to the Secretary stating qualifications etc. immediately.

---

## প্রশ্নের মধ্যেই উত্তর আছে—এমন
# প্রশ্নোনপঞ্চাশৎ

রচনা—শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

* অধিকাংশ বেতারে বলা হইয়াছিল। ইহার মধ্যে বেশীর ভাগ প্রশ্নই উত্তরের সঙ্গে বর্ণে বর্ণে মিল আছে। কতকগুলিতে বর্ণগত পার্থক্য থাকিলেও উচ্চারণগত সাদৃশ্য আছে।

১। সংসারটা কার বশ?
—সংসার টাকার বশ।

২। এটি কোন্ নগর?
—এটি কোন্নগর।

৩। এটা কি গ্রাম?
—এ টাকি গ্রাম।

৪। রাম-রাবণের যুদ্ধের কারণ জান কি?
—রাম-রাবণের যুদ্ধের কারণ জানকী।

৫। কে সব দেবতার মধ্যে পালন-কর্ত্তা?
—কেশব দেবতার মধ্যে পালন-কর্ত্তা।

৬। এ ক'জনের খোরাক?
—একজনের খোরাক।

৭। সে নাকি সুরে কথা কয়?
—সে নাকী সুরে কথা কয়।

৮। কটা কার প্রলোভনে এ কাজ করলে?
—ক টাকার প্রলোভনে এ কাজ করলে।

৯। এ কী মা?
—এ কিমা? ( মাংসের )

১০। মাসী কি দিয়েছে?
—মা সিকি দিয়েছে।

—[ পর সপ্তাহে

---

## নিলামের ইস্তাহার
### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
নিলামের দিন ১৪ই জুলাই, ১৯৬৯

১৯৬৬ সালের ডিক্রীজারী

১ স্বত্ব ডিঃ শিবরাণী দেবী দেং মৃণালিনী দেবী দাবি ৬৪৮-৩১ পয়সা থানা ও মৌজে রঘুনাথগঞ্জ মধ্যে ৩৩৯নং খতিয়ানের ২ শতক জমি মায় তদুপরিস্থিত পোক্তা দ্বিতল দালান ঘর কপাট-চৌকাট তীর বরগাসহ আঃ মূল্য ৫০০্

## খোকার জন্মের পর...

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

# জবাকুসুম

কেশ তৈল

সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস • কলিকাতা-১২



KALPANA.J.K-84.B



## ডাবর আমলা কেশ তৈল

কেশ সৌন্দর্য্য বৃদ্ধি করে ও ঘন কৃষ্ণ কেশোদ্গমে সহায়তা করে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮৩।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |



দাঁত তোলানোর ও বাঁধানোর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## ডেণ্টাল ক্লিনিক

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেণ্টাল সার্জ্জেন

পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪.০০ চারি টাকা, শহরে ৩.০০ তিন টাকা, প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৭৫ পয়সা। প্রতিবার প্রতি সেণ্টিমিটার ১.২৫ এক টাকা পঁচিশ পয়সা, পূর্ণ পৃষ্ঠা ৬০.০০ ষাট টাকা, অর্দ্ধ পৃষ্ঠা ৩২.০০ বত্রিশ টাকা, সিকি পৃষ্ঠা ১৮.০০ আঠার টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)